

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়  
সেতু বিভাগ  
প্রশাসন শাখা



সেতু বিভাগের অক্টোবর, ২০২১ মাসের মাসিক অভ্যন্তরীণ সমন্বয় সভার কার্যবিবরণী

সভাপতি	মোঃ আবু বকর ছিদ্দীক সচিব
সভার তারিখ	২৫ অক্টোবর ২০২১ খ্রিঃ
সভার সময়	দুপুর ১২-৪৫ টায়
স্থান	সেতু বিভাগের সম্মেলন কক্ষ
উপস্থিতি	পরিশিষ্ট-ক

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। আলোচ্যসূচি অনুযায়ী গত ২০/০৯/২০২১ তারিখে অনুষ্ঠিত সেপ্টেম্বর, ২০২১ মাসের অভ্যন্তরীণ সমন্বয় সভার কার্যবিবরণী সভায় উপস্থাপন করা হলে যথাযথভাবে লিপিবদ্ধ হওয়ায় এটি সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়।

০২। পরবর্তীতে সভাপতির নির্দেশনার আলোকে বিগত সভার সিদ্ধান্ত বাস্তবায়ন ও অগ্রগতি সম্পর্কে নিম্নরূপ বিস্তারিত আলোচনা ও সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।

আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্তসমূহ ও বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
(১) জনবল	সেতু বিভাগ অনুমোদিত পদ ৫২টি কর্মরত ২৪ জন শূণ্যপদ ২৯টি সেতু বিভাগের সাংগঠনিক কাঠামোভুক্ত ০৪ জন সহকারী সচিব/সিনিয়র সহকারী সচিব এর শূণ্য পদে কর্মকর্তা পদায়নের অনুরোধ জানিয়ে পুনরায় জনপ্রশাসন মন্ত্রণালয়ে পত্র প্রেরণ করা প্রয়োজন। সম্প্রতি সেতু বিভাগের সাংগঠনিক কাঠামোভুক্ত ০১টি সহকারী রক্ষণাবেক্ষণ প্রকৌশলী পদে নিয়োগের নিমিত্ত পিএসসির সুপারশকৃত প্রার্থী নিয়োগের নিমিত্ত বৃত্তান্ত পুলিশ ভেরিফিকেশনের জন্য প্রেরণ এবং স্বাস্থ্য পরীক্ষার জন্য স্বাস্থ্য অধিদপ্তর বরাবরে পত্র প্রেরণ করা হয়েছে। এছাড়া ৩য় ও ৪র্থ শ্রেণীর ১১টি পদে নিয়োগের লিখিত পরীক্ষা গত ২২/০৯/২০২১ তারিখে গ্রহণ করা হয়েছে। ব্যবহারিক ও মৌখিক পরীক্ষা শেষে উক্ত ১১টি পদে নিয়োগ দেয়া হবে।	১) ৩য় এবং ৪র্থ শ্রেণীর মোট ১১টি পদে নিয়োগ প্রক্রিয়া দ্রুত সম্পন্ন করতে হবে। বাস্তবায়নকারীঃ উপসচিব (প্রশাসন) সেতু বিভাগ
(২) বিভাগীয় মামলা	সেতু বিভাগে বর্তমানে কোন বিভাগীয় মামলা নেই।	বিষয়টি নিয়মিত মনিটরিং করতে হবে। বাস্তবায়নকারীঃ উপসচিব (প্রশাসন), সেতু বিভাগ
(৩) অডিট আপত্তি সংক্রান্ত	সেতু বিভাগের কোন অডিট আপত্তি নেই।	বিষয়টি নিয়মিত মনিটরিং করতে হবে। বাস্তবায়নকারীঃ উপসচিব (বাজেট), সেতু বিভাগ

<b>(৪)</b> কর্মচারী দের প্রশিক্ষণ	২০২১-২২ অর্থবছরের জন্য প্রশিক্ষণ বর্ষপুঞ্জি প্রস্তুত কার্যক্রম সম্পন্ন হয়েছে।	২০২১-২২ অর্থবছরের প্রশিক্ষণ বর্ষপুঞ্জি অনুযায়ী কর্মকর্তা/ কর্মচারীদের প্রশিক্ষণ যথা সময়ে সম্পন্ন করতে হবে। <b>বাস্তবায়নকারীঃ</b> উপসচিব (প্রশাসন)
<b>(৫)</b> ক্রয় সংক্রান্ত	২০২১-২২ অর্থবছরের ক্রয় পরিকল্পনা (রাজস্ব ও উন্নয়ন) প্রণয়ন এবং ওয়েবসাইটে আপলোড করা হয়েছে।	২০২১-২২ অর্থবছরের বার্ষিক ক্রয় পরিকল্পনা (রাজস্ব ও উন্নয়ন) বাস্তবায়ন করতে হবে। বাস্তবায়নকারীঃ উপসচিব (উন্নয়ন)এবং উপসচিব (প্রশাসন)
<b>(৬)</b> পরিচাল ন বাজেট	সেতু বিভাগের ২০২১-২২ অর্থবছরের খাতভিত্তিক পরিচালন বাজেট বরাদ্দ পাওয়া গিয়েছে।	সেতু বিভাগের ২০২১-২২ অর্থবছরের বাজেট বরাদ্দ ব্যয়ের ক্ষেত্রে যত্নশীল হতে হবে। <b>বাস্তবায়নকারীঃ</b> উপসচিব (বাজেট) এবং উপসচিব (প্রশাসন)
<b>(৭)</b> অডিট	সেতু বিভাগের ২০১৯-২০ এবং ২০২০-২১ অর্থবছরের অডিট পরিবহন অডিট অধিদপ্তর এর মাধ্যমে সম্পন্ন করা হয়েছে।	বিষয়টি নিয়মিত মনিটরিং করতে হবে। <b>বাস্তবায়নকারীঃ</b> উপসচিব (বাজেট)
<b>(৮)</b> বার্ষিক প্রতিবেদ ন প্রকাশনা	সেতু বিভাগের বার্ষিক প্রতিবেদন প্রণয়নের জন্য যুগ্মসচিব (প্রশাসন) কে আহবায়ক করে সেতু বিভাগ ও বিবিএ এর সমন্বয়ে সাত সদস্যবিশিষ্ট একটি কমিটি গঠন করা হয়েছে। বার্ষিক প্রতিবেদন সেতু বিভাগের ওয়েব সাইটে ইতোমধ্যে প্রকাশ করা হয়েছে।	বার্ষিক প্রতিবেদনের চূড়ান্ত কপি দ্রুত প্রকাশের ব্যবস্থা করতে হবে। বাস্তবায়নকারীঃ <b>যুগ্মসচিব (প্রশাসন)</b>
<b>(৯)</b> আইন, বিধি- বিধান বিষয়ক সংকলন প্রণয়ন	গঠিত কমিটি সেতু বিভাগ এবং বাংলাদেশ সেতু কর্তৃপক্ষের যাবতীয় আইন বিধিবিধান সংগ্রহ কার্যক্রম চলমান আছে।	আগামী সভায় অগ্রগতি উপস্থাপন করতে হবে। <b>বাস্তবায়নকারীঃ</b> <b>১। উপসচিব</b> <b>(বাজেট)</b>

(১০) সেতু বিভাগে র জন্য অফিস স্পেস	সেতু ভবনের দশম তলায় কম্পিউটার ল্যাবের সামনের ফাঁকা অংশ এবং অষ্টম তলায় সেতু বিভাগের জন্য অফিস স্থাপনের জন্য সভায় উপস্থাপন করা হয়।	সেতু বিভাগের অফিস স্পেস এর বিষয় আলানা একটি সভা করতে হবে। বাস্তবায়নকারীঃ উপসচিব (প্রশাসন)
---------------------------------------------------	--------------------------------------------------------------------------------------------------------------------------------------	--------------------------------------------------------------------------------------------------------------

৩) পরিশেষে আর কোন আলোচনার বিষয় না থাকায় সকলের সুস্বাস্থ্য কামনা করে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।



মোঃ আবু বকর ছিদ্দীক  
সচিব

স্মারক নম্বর: ৫০.০০.০০০০.২০১.০৬.০০১.২০.৫৪৫

তারিখ: ৯ অগ্রহায়ণ ১৪২৮

২৪ নভেম্বর ২০২১

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১) যুগ্ম-সচিব, প্রশাসন অনুবিভাগ, সেতু বিভাগ
- ২) যুগ্মসচিব, উন্নয়ন অনুবিভাগ, সেতু বিভাগ
- ৩) যুগ্মসচিব, উন্নয়ন অধিশাখা, সেতু বিভাগ
- ৪) উপসচিব, প্রশাসন অধিশাখা, সেতু বিভাগ
- ৫) উপ-সচিব, বাজেট অধিশাখা, সেতু বিভাগ
- ৬) একান্ত সচিব, সচিব এর দপ্তর, সেতু বিভাগ
- ৭) সিনিয়র সহকারী সচিব, বাজেট শাখা-১, সেতু বিভাগ
- ৮) সহকারী সচিব, প্রশাসন শাখা, সেতু বিভাগ
- ৯) প্রোগ্রামার, প্রশাসন শাখা, সেতু বিভাগ



খান শাহানুর আলম  
সহকারী সচিব